# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৩০

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ

## الفصل الثانى

আরবী

وَعَنْ أَبِي أُمَامَةَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَنْ أَحَبَّ لِلَّهِ وَأَبْغَضَ لِلَّهِ وَأَعْطَى لِلَّهِ وَمَنَعَ لِلَّهِ فَقَدِ اسْتَكْمَلَ الْإِيمَانَ» . رَوَاهُ أَبُو دَاوُد

বাংলা

৩০-[২৯] আবূ উমামাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি আল্লাহর ওয়াস্তে কাউকে ভালোবাসে, আর আল্লাহর ওয়াস্তে কারও সাথে বিদ্বেষ পোষণ করে এবং আল্লাহর ওয়াস্তেই দান-খয়রাত করে, আবার আল্লাহর ওয়াস্তেই দান-খয়রাত থেকে বিরত থাকে। সে ঈমান পূর্ণ করেছে। (আবূ দাঊদ)[1]

## English

Chapter - Section 2

Abu Umama reported that God’s messenger said, “If anyone loves for God’s sake, hates for God’s sake, gives for God’s sake and withholds for God's sake, he will have perfected faith.”

Abu Dawud transmitted it.

ফুটনোট

[1] সহীহ : আবূ দাঊদ ৪৬৮১, সহীহুল জামি‘ ৫৯৬৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আবূ দাঊদ-এর এ বর্ণনাটি সহীহ। তবে হাদীসটি শাওহার ইবনু হাওশাব সূত্রে মু‘আয (রাঃ) হতেও বর্ণিত

যা ইমাম আহমাদ ৫ম খণ্ডের ২৪৫ পৃঃ বর্ণনা করেছেন। এ শাওহার সমালোচিত রাবী। ইমাম আহমাদ হাদীসটি ৫ম খণ্ডে ২৩৭ পৃঃ ‘উরওয়াহ্ ইবনু নাযর ও মায়মূন ইবনু আবী শাবীব (রহঃ) সূত্রে মু‘আয (রাঃ) হতে বর্ণনা করেছেন। এ ‘উরওয়াহ্ ও মায়মূন মু‘আয (রাঃ) থেকে কোন হাদীস শুনেননি। এ হাদীসের আরো অনেক সূত্র রয়েছে সবই দুর্বল।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=54588

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন